

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৯, ২০২২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রজ্ঞাপন

তারিখ : ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ০৮-আইন/২০২২।—বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭(২০১৭ সনের ৩নং আইন) এর ধারা ৩১ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি উক্ত প্রবিধানমালার তফসিল-১ এর—

(ক) ১. প্রশাসন বিভাগ এর—

(অ) ক্রমিক নং ১৬ এর বিপরীতে কলাম নং (৩) এ উল্লিখিত ‘অনূর্ধ্ব ৩৫ বৎসর’ শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে ‘অনূর্ধ্ব ৩০ বৎসর’ শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(আ) ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম নং (৩) এ উল্লিখিত ‘অনূর্ধ্ব ৩৫ বৎসর’ শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে ‘অনূর্ধ্ব ৩০ বৎসর’ শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(ই) ক্রমিক নং ১৮ এর বিপরীতে কলাম নং (৫) এ উল্লিখিত এন্ট্রি পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে:—

“সহকারী, সহকারী সমান্বয় কর্মকর্তা, হার্টিকালচার ইসপেন্টের, স্যানিটারি ইসপেন্টের বা মোটর ট্রান্সপোর্ট অধীক্ষক পদে অন্যন্ত ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা

(১৫৮৭)

মূল্য : টাকা ৮.০০

উচ্চমান সহকারী, উচ্চমান করণিক, উচ্চমান সহকারী (বেঞ্চ সহকারী) বা গ্রন্থাগারিক পদে অন্যন ৯ (নয়) বৎসরের চাকরি;

অথবা

উচ্চমান সহকারী ও সহকারী পদে অথবা উচ্চমান করণিক ও সহকারী পদে অথবা উচ্চমান সহকারী ও সম্পত্তি পরিদর্শক পদে অথবা উচ্চমান করণিক ও সম্পত্তি পরিদর্শক পদে অথবা উচ্চমান সহকারী ও সহকারী সমন্বয় কর্মকর্তা পদে মোট ৯ (নয়) বৎসরের চাকরি”;

(খ) ৪. এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ এর—

(অ) ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম নং (৫) এর (খ) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) যোগাযোগ পরিচালনা কাজে যোগ্যতা থাকিতে হইবে।”;

(আ) ক্রমিক নং ২৯ এর বিপরীতে কলাম নং (৫) এর (খ) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) যোগাযোগ পরিচালনা কাজে যোগ্যতা থাকিতে হইবে।”;

(ই) ক্রমিক নং ৩৭ এর বিপরীতে কলাম নং (৩) এ “অনুর্ধ্ব ৩০ বৎসর” শব্দগুলি ও সংখ্যা সংযোজিত হইবে;

(গ) ৫. কমিউনিকেশন, নেভিগেশন ও সার্ভেইল্যান্স (সিএনএস) বিভাগ এর ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম নং (৫) এর (ক) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) সিনিয়র যোগাযোগ প্রকৌশলী বা যোগাযোগ প্রকৌশলী পদে অন্যন ২ (দুই) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যন ৭ (সাত) বৎসরের চাকরি;

অথবা

সিএনএস প্রকৌশলী পদে অন্যন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং”;

(ঘ) বিভাগসমূহের ক্রম নং ৬. এ উল্লিখিত “৬. ফ্লাইট সেফটি এন্ড রেগুলেশনস বিভাগ” শব্দগুলি, সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৬. ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগ” শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

- (৬) ৮. ফায়ার কন্ট্রোল বিভাগ এর ক্রমিক নং ৯ এর বিপরীতে কলাম নং (৫) এ উল্লিখিত ‘পদোন্নতির ক্ষেত্রে’ এর অধীন এন্ট্রি (ক) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “(ক) মোটর পরিবহন ফিটার ড্রাইভার/ড্রাইভার/মোটর পরিবহন চালক (গ্রেড-১৫) পদে অনুযান ৩ (তিনি) বৎসরের চাকরি;”;
- (৭) ৯. এভিয়েশন সিকিউরিটি বিভাগ এর ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম নং (৩) এ উল্লিখিত “অনুর্ধ্ব ৩০ বৎসর” শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে “অনুর্ধ্ব ৩৫ বৎসর” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং
- (৮) ১১. প্রকৌশল বিভাগ এর ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম নং (২) এ উল্লিখিত “ফোরম্যান” শব্দটির পরিবর্তে “ফোরম্যান (সিভিল)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আদেশক্রমে
এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।